গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১০৭/২০১৭

ঢাকা, বুধবার ৩১ মে ২০১৭, ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। টেকসই উন্নয়নে প্রযুক্তি সহযোগিতা বাড়াতে হবে : আইএইএ সম্মেলনে প্রধানমন্ত্রী

২। অস্ট্রিয়ার সঙ্গে বাংলাদেশের সহযোগিতা জোরদারের ক্ষেত্র চিহ্নিত : প্রধানমন্ত্রী শেখ হাসিনা

৩। বিএনপি-জামায়াতের নৃশংসতা ও দুর্নীতি তুলে ধরার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। জাতীয় সংসদ অধিবেশন শুরু : বাজেট পেশ আগামীকাল

৫। বিড়ি শিল্পে বিনিয়োগ বন্ধ করতে হবে : অর্থমন্ত্রী

৬। অচিরেই সারাদেশে ৪১ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল গঠন করা হবে : সংসদে আইনমন্ত্রী

৭। হাজার শয্যাবিশিষ্ট জাতীয় অর্থোপেডিক হাসপাতালের সম্প্রসারণ কাজ শেষ হবে আগামী বছর : স্বাস্থ্যমন্ত্রী

৮। বাঁধ নির্মাণে দুর্নীতি প্রমাণ হলে কঠোর শাস্তি : পানিসম্পদমন্ত্রী

৯। উন্নত বাংলাদেশ গড়তে কয়লা নিয়ামক হিসেবে কাজ করবে : বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

১০। বিশ্ব তামাকমুক্ত দিবস আজ

চলমান পাতা-২

১। **টেকসই উন্নয়নে প্রযুক্তি সহযোগিতা বাড়াতে হবে : আইএইএ সম্মেলনে প্রধানমন্ত্রী**

নতুন প্রযুক্তির উদ্ভাবন ও জ্ঞান বিনিময়ের মধ্য দিয়ে অংশীদারিত্বের ভিত্তিতে টেকসই উন্নয়ন নিশ্চিত করতে 'সায়েন্স ডিপ্লোম্যাসি' বা বিজ্ঞানভিত্তিক কূটনীতির ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, বাংলাদেশে আন্তর্জাতিক আণবিক শক্তি কমিশনের (আইএইএ) অভিজ্ঞতার মাধ্যমে পারমানবিক প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার থেকে সর্বোচ্চ সুবিধা পেতে চায়। একই সঙ্গে উন্নয়নশীল দেশগুলোর সঙ্গে বৃহত্তম সহযোগিতা প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করতেও আগ্রহী। টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে, বিশেষ করে স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশগুলোর সহায়তায় আইএইএ'র প্রয়াস জোরদারে গুরুত্ব আরোপ করে তিনি আরও বলেন, এসডিজি অর্জনে সক্ষমতা গড়ে তোলা ও প্রযুক্তি স্থানান্তর খুবই প্রয়োজন। অস্ট্রিয়ার রাজধানী ভিয়েনায় গতকাল ৩০ মে মঙ্গলবার স্থানীয় সময় সকালে 'আইএইএ কারিগরি সহযোগিতা কর্মসূচির ৬০ বছর পেরিয়ে উন্নয়নে অবদান' শীর্ষক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

২। **অস্ট্রিয়ার সঙ্গে বাংলাদেশের সহযোগিতা জোরদারের ক্ষেত্র চিহ্নিত : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

বাংলাদেশের পুরনো বন্ধু অস্ট্রিয়ার সঙ্গে সহযোগিতা জোরদারে দুই দেশ যৌথভাবে নতুন ক্ষেত্র চিহ্নিত করেছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ভিয়েনায় দ্বিপক্ষীয় বৈঠকের পর যৌথ সংবাদ সম্মেলনে তিনি বলেন, আজ আমরা দুই দেশের মধ্যে সহযোগিতা জোরদারে কৃষি, প্রাণিসম্পদ, সংযোগ, বাণিজ্য ও বিনিয়োগসহ বেশকিছু গুরুত্বপূর্ণ খাত চিহ্নিত করেছি। সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের মতো বৈশ্বিক বিষয়েও আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ৩০ মে মঙ্গলবার ফেডারেল চ্যান্সেলারিতে পৌঁছালে অস্ট্রিয়ার চ্যান্সেলর ক্রিস্ট্রিয়ান কের্ন তাকে স্বাগত জানান। দ্বিপক্ষীয় বৈঠকের আগে তার সঙ্গে একান্ত বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠক শেষে নিয়মিত কূটনৈতিক আলোচনার আয়োজন করতে দুই দেশের মধ্যে একটি সমঝোতা স্মারকও স্বাক্ষর হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৭), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭), **অবজারভার** (পৃ.১,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)। **সমকাল, সংবাদ, জনকণ্ঠ, অবজারভার** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

৩। **বিএনপি-জামায়াতের নৃশংসতা ও দুর্নীতি তুলে ধরার আহ্বান প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের বাইরে বিএনপি-জামায়াতের নির্মমতা তুলে ধরার জন্য ইউরোপ প্রবাসী বাংলাদেশিদের প্রতি আহ্বান জানিয়েছেন। এ প্রসঙ্গে তিনি ইউরোপীয় দেশগুলোতে প্রবাসী বাংলাদেশী আওয়ামী লীগ নেতাকর্মীদের নিজ এলাকায় নির্বাচিত জনপ্রতিনিধিদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ রাখতে এবং দেশে বিএনপি-জামায়াতের নৃশংসতা ও দুর্নীতি তুলে ধরার আহ্বান জানান। অস্ট্রিয়ার রাজধানীতে একটি হোটেলে প্রবাসী বাংলাদেশি কমিউনিটির দেওয়া এক সংবর্ধনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.৪,ক.৪), **অবজারভার** (শেষ পৃ.,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮)।

৪। **সংসদ অধিবেশন শুরু : বাজেট পেশ আগামীকাল**

দশম জাতীয় সংসদের **১৬**তম (বাজেট) অধিবেশন শুরু হয়েছে। গতকাল ৩০ মে মঙ্গলবার বেলা **১১**টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হয়। এর আগে সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদের কার্য উপদেষ্টা কমিটির বৈঠকে আগামী **১৩** জুলাই পর্যন্ত অধিবেশন চালানোর সিদ্ধান্ত হয়। এদিকে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত আগামীকাল **১** জুন বেলা দেড়টায় **২০১৭-১৮** অর্থবছরের প্রস্তাবিত বাজেট পেশ করবেন। সূত্র-**যুগান্তর** (শেষ পৃ.,ক.২), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১৫,ক.৮)।

৫। **বিড়ি শিল্পে বিনিয়োগ বন্ধ করতে হবে : অর্থমন্ত্রী**

বিড়ি শিল্পে নতুন করে বিনিয়োগ না বাড়ানোর পরামর্শ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ৩০ মে মঙ্গলবার সচিবালয়ে বিড়ি শিল্প মালিক সমিতির নেতাদের সঙ্গে প্রাক-বাজেট বৈঠকে অর্থমন্ত্রী এ পরামর্শ দেন। মন্ত্রী বলেন, বিড়ির সময় শেষ। এটা অনেক ক্ষতিকর। এটা রাখা যাবে না। বৈঠকে অর্থমন্ত্রী আরও বলেন, আপনাদের (বিড়ি শিল্প মালিক) যা বিনিয়োগ রয়েছে, সেটা শেষ হওয়ার জন্য তিন বছর সময় দেওয়া যাবে। এ সময় অল্প ট্যারিফ বাড়ানো হবে। নতুন করে আর বিনিয়োগ করবেন না। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫)।

৬। **অচিরেই সারাদেশে ৪১ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল গঠন করা হবে : সংসদে আইনমন্ত্রী**

গত ৩১ মার্চ পর্যন্ত নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের হিসাব অনুযায়ী **১** লাখ **৫৮** হাজার ৮৬৯ টি মামলা বিচারাধীন রয়েছে। অচিরেই সারাদেশে ৪১ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সৃজন করা হবে। গতকাল ৩০ মে

মঙ্গলবার জাতীয় সংসদে প্রশ্নোত্তর পর্বে এক প্রশ্নের জবাবে আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৭। হাজার শয্যাবিশিষ্ট জাতীয় অর্থোপেডিক হাসপাতালের সম্প্রসারণ কাজ শেষ হবে আগামী বছর : স্বাস্থ্যমন্ত্রী

সরকারি হাসপাতালে স্বাস্থ্যসেবা দেওয়ার ক্ষেত্রে তৃতীয় ও চতুর্থ শ্রেণির জনবল সংকটের কথা জানিয়ে

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, বর্তমানে হাসপাতালগুলোতে তৃতীয় ও চতুর্থ শ্রেণির ৪০ হাজার পদ শূন্য রয়েছে। এক বছর আগে এই শূন্য পদ পূরণের উদ্যোগ নেওয়া হলেও আন্তঃমন্ত্রণালয় জটিলতার কারণে তা বাস্তবায়ন করা যাচ্ছে না। গতকাল ৩০ মে মঙ্গলবার রাজধানীর জাতীয় অর্থোপেডিক পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর) ও হাসপাতালের ১৪ তলাবিশিষ্ট নতুন ভবনের নির্মাণকাজ পরিদর্শনে গিয়ে তিনি এসব কথা বলেন। অতিরিক্ত পাঁচশ শয্যা যোগ করে নিটোরের ১৪তলা নতুন ভবনের সম্প্রসারণ কাজ আগামী বছরের প্রথমার্ধে শেষ হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৮। বাঁধ নির্মাণে দুর্নীতি প্রমাণ হলে কঠোর শাস্তি : পানিসম্পদমন্ত্রী

পানিসম্পদমন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কোনো প্রকার অনিয়ম, দুর্নীতি বা কোনো অবহেলার কারণে হাওরের বাঁধগুলো ভেঙে গিয়েছে কিনা, তা তদন্ত করা হচ্ছে। প্রকৃত তথ্য উৎঘাটনের জন্য পানিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের (উন্নয়ন) নেতৃত্বে ৬ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদনে কারও বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হলে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। গতকাল ৩০ মে মঙ্গলবার জাতীয় সংসদে হাবিবুর রহমান মোল্লার এক প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। পানিসম্পদমন্ত্রী জানান, ক্ষতিগ্রস্ত হাওরবাসীর দুঃখ দুর্দশা লাঘবে প্রধানমন্ত্রী স্বয়ং সেখানে গিয়েছেন। বন্যাকবলিত এলাকায় নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫)।

৯। উন্নত বাংলাদেশ গড়তে কয়লা নিয়ামক হিসেবে কাজ করবে : বিদ্যুৎ , জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করতে 'কয়লা' গুরুত্বপূর্ণ অবদান রাখবে। উন্নত বাংলাদেশ গড়তে প্রাথমিক জ্বালানি হিসেবে কয়লা অন্যতম নিয়ামক হিসেবেও কাজ করবে। গতকাল ৩০ মে মঙ্গলবার রাজধানীর একটি হোটেলে দীঘিপাড়া কয়লাখনি হতে কয়লা উত্তোলনের সম্ভাব্যতা জরিপ কার্যক্রম পরিচালনার জন্য এক চুক্তি সম্পাদন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৫,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৪,ক.১)।

১০। বিশ্ব তামাকমুক্ত দিবস আজ

'তামাক উন্নয়নের অন্তরায়' প্রতিপাদ্য নিয়ে আজ পালিত হচ্ছে বিশ্ব তামাকমুক্ত দিবস। ১৯৮৭ সালে বিশ্ব স্বাস্থ্য সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুসারে বিশ্বব্যাপী প্রতিবছর ৩১ মে এ দিবসটি পালন করা হয়। দিবসটি পালনের মূল লক্ষ্য হলো, তামাকজাত দ্রব্য ব্যবহারের ফলে সৃষ্ট রোগসমূহ, আর্থিক ও সামাজিক ক্ষতি সম্পর্কে জনসচেনতা সৃষ্টির মাধ্যমে বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মকে রক্ষা করা। বিশ্বের ১৭৮টি দেশে বিশ্ব তামাকমুক্ত দিবস পালিত হচ্ছে। রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে পৃথক বাণী দিয়েছেন। শিক্ষার্থীদের তামাকজাত পণ্যের প্রতি নিরুৎসাহিত করতে শিক্ষাপ্রতিষ্ঠানের তিন কিলোমিটারের মধ্যে বিড়ি-সিগারেটসহ তামাকজাত পণ্য বিক্রয় বন্ধ করার পরামর্শ দিয়েছেন পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মো. মসিউর রহমান রাঙ্গা। বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে গতকাল ৩০ মে মঙ্গলবার এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ পরামর্শ দেন। ঢাকা আহ্‌ছানিয়া মিশনের উদ্যোগে ক্যাম্পেইন ফর টোব্যাকো ফ্রি কিডস্ এবং ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের সহযোগিতায় এই সভা আহ্‌ছানিয়া মিশন মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **সমকাল** (পৃ.১৯,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.২)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** দেশের ঝুঁকিপূর্ণ ভবনসমূহ অপসারণে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** হোমিওপ্যাথি ওষুধের মূল্য নিয়ন্ত্রণহীন হয়ে পড়েছে উল্লেখ করে মূল্য নির্ধারণসহ আমদানিকৃত হোমিওপ্যাথি ওষুধসহ সব ধরণের হোমিওপ্যাথি ওষুধ রেজিস্ট্রেশনের আওতায় আনার সুপারিশ।

গ. **ভোরের কাগজ, প্রথম আলো, যুগান্তর, যায়যায়দিন, ইনকিলাব :** ঘূর্ণিঝড় 'মোরার' আঘাতে ক্ষতিগ্রস্ত এলাকায় ত্রাণ ও পুনবার্সন তৎপরতা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সমকাল :** রমজান মাসে চিনির মূল্য বৃদ্ধিতে নিন্দা জানিয়ে এ ব্যাপারে নজরদারি করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **প্রথম আলো :** মুন্সিগঞ্জ পৌর এলাকার ভেতরে চরকিশোরগঞ্জ গ্রাম শুধু একটি সেতুর অভাবে প্রায় বিচ্ছিন্ন জনপদ হওয়ার কথা উল্লেখ করে অবিলম্বে একটি সেতু নির্মাণের সুপারিশ।

চ. **ডেইলি সান :** রাস্তার পাশে অস্বাস্থ্যকর ফলের রস বিক্রি জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর উল্লেখ করে এসবের বিরুদ্ধে জনসচেতনতা তৈরির আহ্বান।

ছ. **নিউ নেশন :** সরকার স্কুল ও কলেজের শিক্ষক বদলি নিয়ে নানা অনিয়ম-দুর্নীতি রোধে সংশ্লিষ্টদের নজরদারির সুপারিশ ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে রাজনীতিতে ধর্মের অপব্যবহার রোধ করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'হোমওয়ার্ক নয়, স্কুলের কাজ চাই'** শিরোনামের নিবন্ধে উন্নত প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষকদের আরো দক্ষ ও যোগ্য করে তুলে স্কুলের পড়া স্কুলেই তৈরি করার রীতি চালু করার পক্ষে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা